বিজয়নগর উপজেলা পরিষদের জানুয়ারি - ২০২২ খ্রি. মাসে অনুষ্ঠিত মাসিক সাধারণ সভার কার্যবিবরণীঃ

সভাপতি : জনাব নাছিমা মুকাই আলী
চেয়ারম্যান
বিজয়নগর উপজেলা পরিষদ
ব্রাহ্মণবাড়িয়া।

তারিখ : ৩১/০১/২০২২ খ্রি.
সময় : সকাল ১১.০০ টা
স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ।

উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক"

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল বিভাগীয় প্রধান ও জনপ্রতিনিধিদের স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর তিনি উপজেলা নির্বাহী অফিসার, বিজয়নগরকে সভা পরিচালনা করার অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার, বিজয়নগর সকলকে স্বাগত জানান ও সভার কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে সকলের সহযোগিতা কামনা করেন। তিনি ডিসেম্বর - ২০২১ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী সভার সকলের উদ্দেশ্যে পাঠ করে শুনান। উক্ত কার্যবিবরণীতে কোনোরূপ সংশোধন না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর আলোচ্যসূচি মোতাবেক বিভাগওয়ারী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১। উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভাকে জানান যে, চলতি বোরো মৌসুমে বোরো ধান আবাদ এর লক্ষ্যমাত্রা ১৩৫৮৫ হেক্টর। বোরো ধান আবাদ প্রক্রিয়া চলমান আছে। নতুন ফল বাগান বিশেষ করে মাল্টা ও বল সুন্দরী বড়ই বাগান স্থাপন ও পরিচর্যা কাজ চলছে। সারের মজুদ ও উত্তোলন স্বাভাবিক রয়েছে। সারের কোন ঘাটতি পরিলক্ষিত হয়নি। এছাড়া বেশ কয়েকটি পারিবারিক পুষ্টি বাগান স্থাপিত হয়েছে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. নতুন ফল বাগান বিশেষ করে মাল্টা ও বল সুন্দরী বড়ই বাগানগুলো সঠিকভাবে স্থাপন করার জন্য সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে। সাথে নিয়মিত তদারকি করতে হবে। | ১. উপজেলা কৃষি কর্মকর্তা, বিজয়নগর। |
| ২। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, কোভিড-১৯ ভ্যাকসিন মোট ১ম ডোজ-৪২১৫৭ জনকে দেয়া হয়েছে। কোভিড-১৯ ভ্যাকসিন মোট ২য় ডোজ ৫৪২৪ জনকে দেয়া হয়েছে। মাঠ পর্যায়ে মা ও শিশুদের রোটিন ইপিআই টিকাদান কার্যক্রম অব্যাহত আছে। অদ্য পর্যন্ত মোট আউটডোর রোগীর সংখ্যা ২২১৯ জন। হাসপাতালে মোট ইনডোর রোগীর সংখ্যা- ৮১ জন। নরমাল ডেলিভারীর সংখ্যা -০৩ টি। স্বাস্থ্য কমপ্লেক্সে শিক্ষার্থীদেরকে ফাইজার ভ্যাকসিন দেওয়া অব্যাহত আছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে কোভিড-১৯ টিকা গ্রহণের জন্য জনগণকে উদ্বুদ্ধ করতে হবে।<br><br>২. প্রত্যেক ইউনিয়নে সংশ্লিষ্ট বিষয়ে জনগণের বিভ্রান্তি দূর করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া। |
| ৩. উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভাকে অবহিত করেন যে, উপজেলা পর্যায়ে ডাক বাংলো না থাকায় বাইরে থেকে আগত অতিথিদের থাকার জায়গা সমস্যা হয়। সম্প্রতি ইউনিয়ন পরিষদ নির্বাচনে এই সমস্যা উপলব্ধি হওয়ায় উপজেলা নির্বাহী কর্মকর্তার নির্দেশনা মোতাবেক নন-গেজেট কোয়ার্টারের তৃতীয় তলার একটি ফ্ল্যাটকে মেরামত, রঙ করা ও হাই কমোড স্থাপনের জন্য ১,৯৯,৫০০/- (এক লক্ষ নিরানব্বই হাজার পাঁচশত) টাকার একটি প্রকল্পের প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। তিনি উক্ত প্রাক্কলন সভায় অনুমোদন করতঃ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে ব্যয়ভার পরিশোধের জন্য সভার দৃষ্টি আকর্ষণ করেন। | ১. সরকারী কাজে আগত অতিথিদের থাকার জায়গা নিশ্চিত করার লক্ষ্যে প্রকল্পটি যুক্তিসঙ্গত হওয়ায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। প্রকল্পটি উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর নির্দেশনা মোতাবেক ৩ নং নির্দেশিকার "ক" নং ক্রমিকে উল্লিখিত খাত থেকে পরিশোধের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | ১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।<br>২. উপজেলা নির্বাহী অফিসার, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।<br>৩. উপজেলা প্রকৌশলী, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া। |
| ৪. উপজেলা পরিবার | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, ডিসেম্বর / ২১ মাসে অত্র উপজেলায় দীর্ঘমেয়াদী পদ্ধতির সেবা দেওয়া হয়েছে | ১. উপজেলায় প্রত্যেক ইউনিয়নে বাড়ি বাড়ি গিয়ে | ১. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, |

| | | | |
|---|---|---|---|
| পরিকল্পনা বিভাগ | আইইউডি সেবা ২২ জন ও ইমপ্ল্যান্ট সেবা ৭৩ জন। স্থায়ী পদ্ধতির ০২ জন মহিলা ও ০৩ জন পুরুষকে সেবা দেওয়া হয়েছে। স্বল্প মেয়াদী সেবা গ্রহণকারীদের মধ্যে বিতরণ/প্রয়োগ করা হয়েছে খাবার বড়ি ৬৩১১ পিস, কনডম ১০৭৪০ পিস, ইনজেকশন ১৩৯১ ভায়েল। পদ্ধতি গ্রহণকারীর হার (CAR): ৭৪.১০%। অত্র বিভাগের অন্যান্য কার্যক্রম চলমান আছে। | মাঠ পর্যায়ের কর্মীরা জন্মহার কমানোর জন্য পদক্ষেপ নিবেন এবং পরিবার পরিকল্পনা কর্মকর্তা উক্ত সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন। | বিজয়নগর। |
| ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, ২০২২ সালের বই বিতরণ চলমান রয়েছে। ১২-১৭ বছরের সকল শিক্ষার্থীর কোভিড-১৯ এর ১ম ডোজ ভ্যাকসিন সম্পূর্ণ হয়েছে। উপজেলা পর্যায়ের শীতকালীন খেলাধুলা কোভিডের জন্য স্থগিত করা হয়েছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদিত হচ্ছে। | ১. শিক্ষার্থীদের ২য় ডোজ ভ্যাকসিন দেওয়ার জন্য মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা তদারকি করবেন।<br>০২. কোনোরূপ সমস্যা পরিলক্ষিত হলে উপজেলা নির্বাহী অফিসারকে অবহিত করবেন। | ১. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বিজয়নগর। |
| ৬। উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, জানুয়ারি/২০২২ মাসের প্রথম দিন সকল শিক্ষার্থীর হাতে বই পৌছানো হয়। ২৫ জানুয়ারি থেকে জাতীয় শিশু পুরস্কার প্রতিযোগিতা হওয়া সকল পূর্বপ্রস্তুতি সম্পন্ন করা হয়েছিল তবে করোনার উর্ধ্বগতির কারণে তা স্থগিত করা হয়। পরবর্তীতে দেশের পরিস্থিতি স্বাভাবিক হলে প্রতিযোগিতার আয়োজন করা হবে। শিক্ষার্থীদের করোনা ঝুঁকি এড়ানোর জন্য সারা বাংলাদেশের মত বিজয়নগর উপজেলার ১০০টি সরকারি প্রাথমিক বিদ্যালয় ২২/০১/২২ হতে ০৬/০২/২২ পর্যন্ত বন্ধ ঘোষণা করা হয়েছে। দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। | ০১. সকল শিক্ষার্থীদের উপস্থিতির হার বাড়ানোর জন্য পদক্ষেপ গ্রহণ করতে হবে ও শিক্ষার্থীদেরকে উৎসাহিত করতে হবে। | ০১. উপজেলা শিক্ষা অফিসার, বিজয়নগর। |
| ০৭। দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরে বিজয়নগর উপজেলায় দুর্যোগ ব্যবস্থাপনা শাখায় কাবিখা/কাবিটা সাধারণ, বিশেষ এবং টি আর সাধারণ বিশেষ এর ১ম পর্যায়ের কাজ চলমান অবস্থায় আছে। অন্যান্য কার্যক্রম চলমান আছে। | ০১. বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | ০১. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বিজয়নগর। |
| ০৮। উপজেলা সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা সভায় জানান যে, সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় বয়স্ক, বিধবা, প্রতিবন্ধী ও প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি খাতে অক্টোবর/২০২১ হতে ডিসেম্বর/২০২১ পর্যন্ত সকল বরাদ্ধ ব্যাংক একাউন্টে জমা হয়েছে। উক্ত টাকা দ্রুত বিতরণের লক্ষ্যে ব্যাংক এশিয়াকে চিঠি দেওয়া হয়েছে। ২০২০-২১ অর্থ বছরে সমাজকল্যাণ পরিষদ হতে দুঃস্থ, অসহায়, গরীব ব্যক্তিদের মাঝে বিতরণের জন্য ২০,০০০/- বরাদ্ধ পাওয়া গেছে। বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে আছে। | ০১. ভাতা প্রদানের জন্য মনিটরিং ব্যবস্থা জোরদার করতে হবে। প্রয়োজনে ইউনিয়ন ভিত্তিক ট্যাগ অফিসার নিয়োগ করার জন্য উপজেলা নির্বাহী অফিসারের সাথে সমন্বয় করবেন। | ১. উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, বিজয়নগর। |
| ০৯। সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, দাড়িয়াপুর আশ্রয়ণ-২ প্রকল্পে ঋণ বিতরন ১৭,৪০,০০০/- টাকা, ঋণ আদায় ১১,৩৬,৯৫২/- টাকা, সার্ভিস চার্জ-৮৩,৬১৬/- টাকা, অনাদায়ী ৬,০৩০,৪৮/-, ব্যাংক স্থিতি ১৪,৮৭,২২০/- রয়েছে। উক্ত প্রকল্পে ঋণ গ্রহণকারী ০৫ জন সদস্য মৃত্যুবরণ করিয়াছেন। তাদের নিকট ঋণের আসল বাবদ ৫৬,৪৫৫/- এবং সার্ভিস চার্জ- ৪,১৫১/- টাকা পাওনা রয়েছে। খেলাপী ঋণের পরিমাণ - ৭০,১৬৪/- টাকা। মির্জাপুর আশ্রয়ন-২ প্রকল্প ঋণ বিতরণ ১০,৫০,০০০/- টাকা ৩৫ জন সদস্যদের মধ্যে বিতরণ করা হয়েছে। ঋণের আসল আদায় ৪,৪৪,৯৩০/- ও সার্ভিস চার্জ আদায় ২৯,৭৪৫/- অনাদায়ী ৬,০৫,০৭০/- ব্যাংক স্থিতি ৬৯৭৯২/-টাকা। দাপ্তরিক অন্যানা কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ০১. ঋণের আদায় বাড়াতে হবে এবং অন্যানা সমিতিগুলো নিয়মিত অডিট সম্পাদন করতে হবে।<br>০২. মৃত্যুবরণকারী ঋণ গ্রহীতাদের পরিবার এর কাছ থেকে প্রচলিত বিধিবিধান অনুযায়ী ঋণ আদায়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ০১. উপজেলা সমবায় কর্মকর্তা, বিজয়নগর। |
| ১০. উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, জানুয়ারি/২২ মাসের ভিজিডির ডিও প্রদান করা হয়েছে। দুঃস্থ মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কর্মসূচীর আওতায় চলতি মাসে ঋণ আদায় ১৪,৫১৭/- টাকা। আদায়ের হার ১০০%। আইজিএ প্রকল্পঃ আইজিএ প্রশিক্ষণ প্রকল্পের দু'টি ট্রেডে (ফ্যাশন ডিজাইন ও ফুড প্রসেসিং) ১৩তম ব্যাচের ৫০জন প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ কার্যক্রম চলমান। সচেতনতামূলক কার্যক্রমঃ চম্পকনগর ও বুধন্তি ইউনিয়নে নারী ও শিশু নির্যাতন, যৌতুক প্রতিরোধ, নারী ও শিশু পাচাররোধ, বাল্যবিবাহ এবং অটিজম ও নিউরো ডেভেলপমেন্টাল ডিজএবিলিটিজ বিষয়ে সচেতনামূলক সভা করা হয়েছে। বিভাগের অনান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ০১. বাল্য বিবাহ বন্ধে কার্যকর ভূমিকা গ্রহণ করতে হবে। প্রয়োজনে উপজেলা প্রশাসনের সহযোগিতা নিতে হবে।<br>০২. প্রত্যেক ইউনিয়নের নারী ও নির্যাতন, যৌতুক প্রতিরোধসহ সচেতনামূলক সভা করতে হবে এবং কাজের অগ্রগতি বৃদ্ধি করতে হবে। | ০১. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বিজয়নগর। |
| ১১। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে, অত্র উপজেলায় | ০১. প্রশিক্ষণ কর্মসূচী | ০১. উপজেলা যুব |

| | | | |
|---|---|---|---|
| উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর | মহামারীতে কর্মহারানো বেকার যুবক ও যুবতী মহিলাদের স্বাবলম্বী ও আত্মকর্মসংস্থানের নিমিত্তে গত ০২-০১-২০২২ খ্রি. হতে ০৮-০১-২০২২ খ্রি. পর্যন্ত সপ্তাহ ব্যাপী "পারিবারিক সবজি চাষ" এবং ১০-০১-২০২২ খ্রি. থেকে ১৬-০১-২০২২ খ্রি. পর্যন্ত "নার্সারী" বিষয়ক অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্সের আয়োজন করা হয়েছে। তাছাড়া গত ২৪-০১-২০২২ খ্রি. বিজয়নগর উপজেলা পরিষদ মিলনায়তনে "সামাজিক কর্মকান্ড ও স্বেচ্ছাসেবামূলক কাজে যুবদের ভূমিকা" শীর্ষক দিনব্যাপী জনসচেতনতামূলক প্রশিক্ষণ কর্মসূচী সম্পন্ন হয়েছে। উক্ত প্রশিক্ষণ কর্মসূচীতে যুব পরিবারের ৩০ জন সদস্য উপস্থিত ছিলেন। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে। | নিবিড়ভাবে সম্পন্ন করতে হবে। মাঠ পর্যায়ে প্রশিক্ষণার্থী বাছাইয়ের কাজ শতভাগ স্বচ্ছতা ও আন্তরিকতার সাথে করতে হবে।<br>০২. প্রশিক্ষণ করতে কোন সমস্যা পরিলক্ষিত হলে উপজেলা নির্বাহী অফিসারকে অবহিত করবেন। | উন্নয়ন কর্মকর্তা, বিজয়নগর। |
| ১২। পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে, ১। আবর্তক (কৃষি) ২। সমন্বিত দারিদ্র বিমোচন কর্মসূচী ৩। বীর মুক্তিযোদ্ধা ও তাঁদের পোষ্যদের আত্মকর্মসংস্থান কর্মসূচী ৪। এসএমই ঋণ লক্ষ টাকায় মোট সমিতি/ দল = ৮৫টি, মোট সদস্য সংখ্যা=১৪৮৫ জন, মোট ঋণ তহবিল প্রাপ্তি = ৯৮.০১, মোট ঋণ বিতরণ (ক্রম:)=৩৭৯.২৩, মোট আদায়যোগ্য (ক্রম:)=২৯০.১৮, মোট ঋণ আদায় (ক্রম:)=২৮৮.১৩, আদায়ের হার (ক্রম:) ৯৯%। | ০১. ঋণের আদায় আরোও বাড়াতে হবে এবং বিভাগীয় কার্যক্রমগুলো এর ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | ০১. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিজয়নগর। |
| ১৩। পল্লী সঞ্চয় ব্যাংক ও আমার বাড়ি আমার খামার | পল্লী সঞ্চয় ব্যাংক ও আমার বাড়ি আমার খামার সমন্বয়কারী সভায় জানান যে, করোনাকালীন ক্ষতিগ্রস্ত সদস্যদের মাঝে কর্মসৃজন আদায় ৮০.৪১ লক্ষ, ঋণ বিতরণ ৮৪.০৬ লক্ষ, সঞ্চয় আদায় ৫.০০ লক্ষ এবং সর্বমোট ১৬৯.৪৭ লক্ষ। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. ঋণের আদায় আরোও বাড়াতে হবে এবং চলমান কাজ সার্বক্ষনিক তদারকি করতে হবে। | ০১. পল্লী সঞ্চয় ব্যাংক ও আমার বাড়ি আমার খামার সমন্বয়কারী, বিজয়নগর। |
| ১৪। খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য কর্মকর্তা সভায় জানান যে, সরাসরি কৃষকের নিকট হতে ২৭ টাকা কেজি দরে আমন ধান সংগ্রহ করা হচ্ছে। লক্ষ্যমাত্রা-২৪০ মে.টন। কৃষকের অ্যাপসের মাধ্যমে নিবন্ধনকৃত কৃষক তালিকা থেকে কম্পিউটারের মাধ্যমে লটারি করে কৃষক বাছাই করা হয়েছে। এ পর্যন্ত ৪৮ জন কৃষক হতে ১৪৪৪ মে. টন ধান সংগ্রহ করা হয়। রাইস মিল হতে ৪০ টাকা কেজি দরে সিদ্ধ চাল সংগ্রহ করা হচ্ছে। লক্ষ্যমাত্রা-৩৩৩ মে. টন ও চুক্তি ৩২৫ মে. টন এবং ৮টি রাইসমিল হতে ২৭০ মে. টন চাল ও ধান সংগ্রহ করা হয়। সংগ্রহের সময়সীমা ২৮ ফেব্রুয়ারী ২০২২ পর্যন্ত। এছাড়া অফিসের স্বাভাবিক কার্যক্রম চলমান আছে। | ০১. কৃষক থেকে সরাসরি ধান ক্রয়ের জন্য তৃণমূল পর্যায়ে কাজের অগ্রগতি বৃদ্ধি করতে হবে। | ০১. উপজেলা খাদ্য কর্মকর্তা, বিজয়নগর। |
| ১৫। আনসার ও ভিডিপি | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, ডিসেম্বর/২০২২ খ্রি. মাসে মোট ১২ জন প্রশিক্ষণার্থীকে ২১ দিন মেয়াদী অস্ত্রসহ ভিডিপি মৌলিক প্রশিক্ষণ গ্রহণের জন্য আভি প্রশিক্ষণ কেন্দ্র, সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়ায় প্রেরণ করা হয়েছে। এছাড়া ১ জন মহিলা ভিডিপি সদস্যকে সেলাই প্রশিক্ষণের জন্য আনসার ভিডিপি প্রশিক্ষণ কেন্দ্র, নবাবপুর, ঢাকায় প্রেরণ করা হয়। ১ জন ভিডিপি সদস্যকে মোটর ড্রাইভিং ও মেকানিক্স প্রশিক্ষণের জন্য আভি প্রশিক্ষণ কেন্দ্র নরসিংদী প্রেরণ করা হয়। এছাড়াও অন্যান্য প্রশাসনিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ০১. দাপ্তরিক কার্যক্রমের ধারাবাহিকতা বজায় রাখতে হবে। | ০১. উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, বিজয়নগর। |
| ১৬। প্রাণীসম্পদ বিভাগ | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা সভায় জানান যে, চিকিৎসা- গবাদিপশু- ২০৩৩টি, পোল্ট্রী- ৩০৮৭৫টি, টিকা- গবাদিপশু-৩৫৮০টি, পোল্ট্রী- ১৩৮০০টি কৃত্রিম প্রজনন: ৪৫০টি। রাজস্ব আদায়-৩৪৩৪৮/-। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ০১. বিভাগের দাপ্তরিক কার্যক্রম চলমান রাখতে হবে। | ০১. উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, বিজয়নগর। |
| ১৭। মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, জানুয়ারি/২০২২খ্রি. মাসে রাজস্ব বাজেটের আওতায় ১দিন ব্যাপি করে ২টি প্রশিক্ষণ করা হয়। পুকুর পরিদর্শন ও পরামর্শ প্রদান অব্যাহত আছে। অন্যান্য দাপ্তরিক কাজ স্বাভাবিক ভাবে চলমান আছে। | ০১. দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রাখতে হবে। | ০১. উপজেলা মৎস্য কর্মকর্তা, বিজয়নগর। |
| ১৮। জনস্বাস্থ্য প্রকৌশল অধিঃ | উপ-সহকারী প্রকৌশলী সভায় জানান যে, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের ০৭টি ইউনিয়নে পাহাড়পুর, সিংগারবিল ও বিষ্ণুপুর বাদে) মোট ১৮২টি গভীর নলকূপ (সাব-মার্সেবল পাম্পযুক্ত) বরাদ্দ পাওয়া যায়। হাওড় অঞ্চলের পানি সরবরাহ প্রকল্পের আওতায় ০৬টি ইউনিয়নে (পাড়াপুর, সিংগারবিল, বিষ্ণুপুর ও চর ইসলামপুর) বাদে | ০১. গভীর নলকূপ এর চলমান কাজ সার্বক্ষনিক তদারকি করতে হবে।<br>০২. জনগণের চাহিদাগুলো সর্বোচ্চ গুরুত্ব দিয়ে প্রকল্পের | ০১. জনস্বাস্থ্য প্রকৌশলী, বিজয়নগর। |

| | | | |
|---|---|---|---|
| | মোট ১৪২টি গভীর (সাব-মার্সেবল পাম্পযুক্ত) গভীর নলকূপ বরাদ্ধ পাওয়া যায়। উক্ত বরাদ্ধ উপজেলা কমিটি ও মাননীয় সংসদ সদস্য জনাব র আ ম উবায়দুল মোকতাদির চৌধুরী এমপি মহোদয় অর্ধেক অর্ধেক বন্টন করবেন। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কাজ বাস্তবায়ন করতে হবে এবং কোনোরূপ সমস্যা পরিলক্ষিত হলে উপজেলা নির্বাহী অফিসারকে অবহিত করবেন। | |
| ১৯। পল্লী দারিদ্র বিমোচন | পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, জানুয়ারী /২০২২ মাসের মোট সমিতির সংখ্যা ৫৩, সদস্য সংখ্যা ১৫৭০জন, ক্ষুদ্র ঋণ সদস্য সংখ্যা-১২১২জন, ক্ষুদ্র ঋণ বিতরণ-৮৯৩.৩৫ লক্ষ, ক্ষুদ্র ঋণ আদায়- ৮৬৬.০১ লক্ষ, মোট আদায় হার ৯৭%। ক্ষুদ্র উদ্যোক্তা ঋণী সদস্য ৮৭জন, ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ বিতরণ ৯০০.৫০ লক্ষ, ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ আদায়যোগ্য ৮৯৯.০০ লক্ষ। ক্ষুদ্র আদায় হার ৯৮%। বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান আছে। | ০১. ঋণ বিতরণ ও ঋণ আদায়ের হার আরও বাড়াতে হবে।<br>০২। মাঠ পর্যায়ে বাড়ি বাড়ি গিয়ে সচেতনতা মূলক সভা করার পাশাপাশি মানুষকে ঋণ এর সুফল সম্পর্কে অবগত করতে হবে। | ০১. পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, বিজয়নগর। |
| ২০। বিএডিসি (সেচ) | উপ-সহকারী প্রকৌশলী, বিএডিসি (ক্ষুদ্রসেচ) সভায় জানান যে, চলতি ২০২১-২২ অর্থ বছরে চলমান "ব্রাহ্মণবাড়িয়া জেলার বিজয়নগর ও ব্রাহ্মণবাড়িয়া সদর উপজেলায় ভূ-পরিস্থ পানি ব্যবহারের মাধ্যমে ক্ষুদ্রসেচ ও সেচ দক্ষতা বৃদ্ধিকরণ কর্মসূচী" এর আওতায় বিজয়নগর উপজেলায় খাল খনন-৫.০০ কি.মি. (বুপার খাল-২.৭৫ কি.মি. পোনার খাল-২.২৫ কি.মি.). অগভীর নলকূপে ৪০০মি. বারিড পাইপ লাইন নির্মাণ-০৯ টি, এলএলপি স্কীমে ৬০০ মি, বারিড পাইপ লাইন নির্মান-০৩টি, ওয়াটার পাস নির্মাণ-৪টি কাজ চলমান রয়েছে। "কুমিল্লা-চাঁদপুর-ব্রাহ্মণবাড়িয়া জেলা সেচ এলাকা উন্নয়ন প্রকল্প" এর আওতায় কোদালিয়া খাল খনন-৫.০০কি.মি. এবং গভীর নলকূপের পাম্প হাউজ নির্মাণ কাজ- ০২টি চলমান আছে। কাজের গুনগতমান নিশ্চিত করার লক্ষ্যে মাঠ পর্যায়ে তদারকী চলছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ০১. খাল খনন ও বিভিন্ন আকারের সেচ অবকাঠামো নির্মাণ, সেচ নালা নির্মাণের কাজ শতভাগ স্বচ্ছতার সাথে করতে হবে।<br>০২। কাজের গুণগত মান বজায় রাখতে হবে এবং নিয়মিত তদারকি জোরদার করতে হবে। | ০১. উপ-সহকারী প্রকৌশলী, বিএডিসি (সেচ), বিজয়নগর |
| ২১। বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, চলতি আর্থিক সালে বিক্রয়/বিতরণের ২০০০টি বিবিধ যাতের চারা উত্তোলনের কাজ চলমান আছে। অত্র উপজেলার অবৈধ করাত কলের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা এবং উচ্ছেদ অভিযান কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে অনুরোধ জানান। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে আছে। | ০১. বরাদ্ধ অনুযায়ী চারাগাছ লাগানো এবং বিতরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ০১. উপজেলা বন কর্মকর্তা, বিজয়নগর। |
| ২২. পরিসংখ্যান ব্যুরো | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, প্রধান ফসল ৬টি ও অপ্রধান ফসল ১৫০টি, পূর্বাভাস জরিপ তথ্য সংগ্রহ, উৎপাদন খরচ হিসাব, ক্ষয়ক্ষতির হিসাব প্রভৃতি তথ্য সংগ্রহ কার্যক্রম নিয়মিতভাবে সম্পন্ন করা হচ্ছে। এর মাধ্যমে মূল্যস্ফীতি ও CPI (Consumer Price Index) নির্ণয় করা হয়। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে আছে। | ০১. বিভাগীয় কাজের সঠিক তথ্যগুলোর ধারাবাহিকতা অগ্রগতি বাড়াতে হবে। | ০১. উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, বিজয়নগর। |
| ২৩। ইউআরসি | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার কর্মকর্তা সভায় জানান যে, ২০/০১/২২ পর্যন্ত বিদ্যালয় পরিদর্শন অব্যহত ছিল। মন্ত্রণালয় এবং অধিদপ্তর কর্তৃক প্রদেয় নির্দেশনা সমূহ শিক্ষকদের সহিত অন লাইনের মত বিনিময়/ পরামর্শ অব্যহত আছে। অন লাইন কর্তৃক প্রদেয় পাঠদান মনিটরিং করা হচ্ছে। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ০১. দাপ্তরিক কার্যক্রমের ধারাবাহিকতা বজায় রাখতে হবে। | ০১. ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, বিজয়নগর |
| ২৪। পল্লী বিদ্যুৎ বিভাগ | উপজেলা পল্লী বিদ্যুৎ কর্মকর্তা সভায় জানান যে, অবৈধভাবে বিদ্যুৎ ব্যবহার করায় ৫জন গ্রাহকের নিকট হতে জড়িমানা ২,২৭,৩২২ টাকা আদায় করা হয়েছে। উপজেলা পরিষদ কমপ্লেক্স হিসাব নং-৯০১/২০০০ এর বিপরিতে (০১/১৮/-১০/২১) মাস পর্যন্ত বিদ্যুৎ বিল বাবদ মোট ৬,৭১,৬৭১/- (ছয় লক্ষ একাত্তর হাজার ছয়শত একাত্তর) টাকা বকেয়া আছে। এছাড়া বিভিন্ন সরকারি অফিসে/ দপ্তরে বিদ্যুৎ বিল বকেয়া আছে। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ০১. অপ্রয়োজনীয় লোড শেডিং না হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে। অবৈধ সংযোগ বিচ্ছিন্ন করতে হবে এবং আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ০১. এজিএম, উপজেলা পল্লী বিদ্যুৎ সমিতি, বিজয়নগর। |
| ২৫। ইসলামিক মিশন হাসপাতাল | ইসলামিক মিশন হাসপাতালের সিনিয়র মেডিকেল অফিসার জানান যে, জানুয়ারি/২২ মাসের অত্র উপজেলার মিশন কেন্দ্রটিতে -১৪৮২জন এ্যালোপ্যাথিক রোগী-৭৭জন রোগীকে হোমিও চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে। পাশাপাশি দরিদ্র, দুঃস্থ রোগীদের মাঝে ৪২৩৮৮ টি ওষুধ বিনামূল্যে বিতরণ এবং ১৫টি প্যাথলজীক্যাল পরিক্ষা সম্পন্ন করা হয়েছে। উল্লেখ্য যে, গত ২৪-১-২২ইং তারিখে লুৎফুর রহমান ফাউন্ডেশন কর্তৃক নির্মিত ২০×১৬ ফুট আয়তনের ১টি একতলা ভবন মিশন হাসপাতাল কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করেছে। বর্তমানে উপজেলা | ০১. দাপ্তরিক কার্যক্রম আরোও বাড়াতে হবে। | ০১. ইসলামিক মিশন হাসপাতাল, বিজয়নগর। |

| | | | |
|---|---|---|---|
| | পরিষদের তত্ত্বাবধায়নে মিশন হাসপাতালের রাস্তার সংস্কারের কাজ (মাটি ভরাট,ইটের সলিং) কাজ চলমান রয়েছে। সেলাই প্রশিক্ষণ সহ মিশনের অন্যান্য কর্মকান্ড স্বাভাবিক গতিতে চলছে। | | |

<u>বিবিধ আলোচনা - ০১ : উপজেলা পরিষদের সুইপার নিয়োগ প্রসঙ্গে</u>

**আলোচনাঃ** উপজেলা নির্বাহী অফিসার, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া সভাকে অবহিত করেন যে, উপজেলা পরিষদে ইতোপূর্বে কর্মরত সুইপার জনাব মনু মিয়া, পিতাঃ মৃত মোঃ কালা মিয়া, সাং- বড়চাল, পোঃ পাকহরষপুর, উপজেলাঃ বিজয়নগর, জেলাঃ ব্রাহ্মণবাড়িয়া, পুলিশ কর্তৃক ধৃত হয়ে বর্তমানে অনুপস্থিত আছেন। তার অনুপস্থিতির কারণে উপজেলা পরিষদের ভবনসহ আশেপাশের জায়গায় পরিষ্কার পরিচ্ছন্নতা কাজের বিঘ্ন ঘটছে। এমতাবস্থায় জরুরী ভিত্তিতে তার নিয়োগ বাতিল করে তার পরিবর্তে একজন সুইপার নিয়োগ করা প্রয়োজন। তিনি সভাকে আরও অবহিত করেন যে, জনাব পরিমল সরকার (৩৮), পিতাঃ অনিল সরকার, মাতাঃ প্রমীলা সরকার, সাং-মির্জাপুর, ডাকঘরঃ সহদেবপুর, উপজেলাঃবিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া, গত ৩০/০১/২০২২ খ্রি. তারিখে সুইপার পদে নিয়োগ পাবার জন্য একটি আবেদন দাখিল করেছেন। ইতোপূর্বে তিনি উপজেলা পরিষদে পরিষ্কার পরিচ্ছন্নতার বিভিন্ন কাজে অংশ নিয়েছেন এবং তার কাজের মান সন্তোষজনক। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ নং ধারার "ত" নং ক্রমিকের নির্দেশনা অনুযায়ী উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থে সরকার অনুমোদিত হারে দৈনিক চুক্তিতে একজন সুইপার নিয়োগ করার সুযোগ রয়েছে। সেক্ষেত্রে উপজেলা পরিষদের সর্বসম্মত সিদ্ধান্ত গ্রহণের বাধ্যবাধকতা রয়েছে। তিনি এই বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করেন এবং প্রস্তাবটি সভায় উত্থাপন করেন।

**সিদ্ধান্তঃ** সভায় উপরিউক্ত বিষয়ে বিস্তারিত আলোচনার পর উপজেলা পরিষদের সুইপার পদে বর্তমানে নিয়োজিত জনাব মনু মিয়া, পিতাঃ মৃত মোঃ কালা মিয়া, সাং- বড়চাল, পোঃ পাকহরষপুর, উপজেলাঃ বিজয়নগর, জেলাঃ ব্রাহ্মণবাড়িয়া-কে সুইপার পদ থেকে অব্যাহতি দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। পাশাপাশি জনাব পরিমল সরকার (৩৮), পিতাঃ অনিল সরকার, মাতাঃ প্রমীলা সরকার, সাং-মির্জাপুর, ডাকঘরঃ সহদেবপুর, উপজেলাঃবিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া-কে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ নং ধারার "ত" নং ক্রমিকের নির্দেশনা অনুযায়ী সরকার কর্তৃক আরোপিত বিধি-বিধান সাপেক্ষে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থে সরকার অনুমোদিত হারে সরকারি ছুটির দিন ব্যতীত দৈনিক মজুরীর চুক্তিতে উপজেলা পরিষদ, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া এর সুইপার হিসেবে নিয়োগের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। তবে শর্ত থাকে যে, এই নিয়োগ কোন অবস্থাতেই স্থায়ী বা অস্থায়ী নিয়োগ বলে গণ্য হবে না। এটি চুক্তিভিত্তিক নিয়োগ হবে এবং কর্তৃপক্ষ যেকোনো সময় কোন কারণ দর্শানো ব্যতিরেখেই তাকে অব্যাহতি দিতে পারে।

বাস্তবায়নকারী কর্তৃপক্ষঃ ১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।

২. উপজেলা নির্বাহী অফিসার, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।

<u>বিবিধ আলোচনা - ০২ : উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ২০২১-২০২২ এর আওতায় মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনায় নির্মিত "ক" শ্রেণীর আশ্রয়ণের ঘর সুরক্ষিত করার জন্য বামুটিয়া আশ্রয়ণ প্রকল্পের বাম পার্শ্বে প্যালাসাইডিং ওয়াল নির্মাণ প্রসঙ্গে</u>

**আলোচনাঃ** উপজেলা প্রকৌশলী সভাকে অবহিত করেন যে, মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনায় সারা বাংলাদেশে একযোগে "ক" শ্রেণীর ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য ঘর নির্মাণ করা হচ্ছে। এই প্রকল্পের আওতায় পাহাড়পুর ইউনিয়নের বামুটিয়া আশ্রয়ণ প্রকল্পে একসাথে ১৪ টি ঘর নির্মাণ করা হচ্ছে। ইতোমধ্যে মাননীয় জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া উক্ত প্রকল্পের স্থান পরিদর্শন করেছেন। প্রকল্পটি উঁচু জমিতে নির্মাণ করা হলেও সীমান্তবর্তী এলাকায় হওয়ায় এবং আকস্মিক বন্যায় বা পাহাড়ি ঢলে প্রকল্পের স্থানটি আক্রান্ত হওয়ায় সম্ভাবনা থাকায় নির্বাচিত জমির বাম পার্শ্বে প্যালাসাইডিং ওয়াল নির্মান করা প্রয়োজন। উপজেলা নির্বাহী অফিসারের নির্দেশনায় উক্ত জমির বাম পার্শ্বে প্যালাসাইডিং ওয়াল তৈরির লক্ষ্যে ৪,৭৪,১১৭/- (চার লক্ষ চুয়াত্তর হাজার একশত সতের টাকা) এর প্রাক্কলন তৈরি করা হয়েছে। তিনি এই বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করেন।

উপজেলা নির্বাহী অফিসার সভাকে অবহিত করেন যে, বিজয়নগর উপজেলায় ইতোপূর্বে ৩০০ টি "ক" শ্রেণীর ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য ঘর নির্মাণ করা হয়েছে। আরও ২১৮ টি ঘর নির্মাণের প্রক্রিয়া চলমান আছে। উপজেলা প্রকৌশলী যেই স্থানের বর্ণনা করেছেন সেখানে প্যালাসাইডিং ওয়াল তৈরি করা হলে ১৪ টি পরিবারের বাসস্থান নিরাপদ করা যাবে এবং পাশাপাশি আকস্মিক বন্যা বা পাহাড়ি ঢল থেকে জায়গাটি রক্ষা পাবে। তিনি আরও জানান, উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ২০২১-২০২২ এর আওতায় উক্ত প্রকল্প বাস্তবায়নের ব্যয়ভার পরিশোধ করা যেতে পারে।

**সিদ্ধান্তঃ** সভায় উপরিউক্ত বিষয়ে বিস্তারিত আলোচনার পর উপজেলা প্রকৌশলী কর্তৃক প্রস্তুতকৃত প্রাক্কলনটি সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। উক্ত প্রকল্পের ব্যয়ভার উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ২০২১-২০২২ এর আওতায় পরিশোধের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

বাস্তবায়নকারী কর্তৃপক্ষঃ ১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।

২. উপজেলা নির্বাহী অফিসার, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।

৩. উপজেলা প্রকৌশলী, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।

## বিবিধ আলোচনা - ০৩ : উপজেলা চেয়ারম্যানের বাসভবনের উন্নয়ন এবং এর অভ্যন্তরে রাস্তা ও বাগান নির্মাণ প্রসঙ্গে

উপজেলা প্রকৌশলী সভাকে অবহিত করেন যে, উপজেলা পরিষদের চেয়ারম্যানের মৌখিক নির্দেশনায় উপজেলা চেয়ারম্যানের বাসভবনের উন্নয়ন এবং আভ্যন্তরীণ রাস্তা ও বাগান উন্নয়নের জন্য মোট ৪,৯৭,৬৪৬/- টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। তিনি সভায় উক্ত বিষয়ে আলোচনা করার জন্য অনুরোধ জানান।

উপজেলা নির্বাহী অফিসার, বিজয়নগর সভাকে অবহিত করেন যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ অনুযায়ী বাসভবনের আভ্যন্তরীণ রাস্তা ও বাগান উন্নয়নের জন্য রাজস্ব তহবিল সরাসরি ব্যবহারের কোন সুযোগ নেই। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ নং ধারায় "ক-ম" ক্রমিকে রাজস্ব তহবিল ব্যয়ের ক্ষেত্রসমূহ তিনি সভায় উপস্থাপন করেন। এছাড়াও তিনি নির্দেশিকার ৪ নং ধারাটি সভায় পাঠ করে শুনান। সেখানে বলা রয়েছে, ক্রমিক নং ৩ এর "ক-ম" পর্যন্ত খাতের বাইরে অন্য কোন খাতে ব্যয়ের বিশেষ প্রয়োজন হলে প্রয়োজনীয় কাগজপত্র ও উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভায় সিদ্ধান্ত গ্রহণপূর্বক প্রস্তাব অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করতে হবে।

সিদ্ধান্তঃ সভায় উল্লিখিত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং উপজেলা চেয়ারম্যানের বাসভবনের উন্নয়ন এবং আভ্যন্তরীণ রাস্তা ও বাগান উন্নয়নের জন্য মোট ৪,৯৭,৬৪৬/- টাকার প্রস্তুতকৃত প্রাক্কলন সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর আলোকে উক্ত খাতে উপজেলা রাজস্ব তহবিল থেকে সরাসরি ব্যয় করার সুযোগ না থাকায় অদ্যকার সভায় গৃহীত সিদ্ধান্ত ও প্রস্তুতকৃত প্রাক্কলনসহ প্রস্তাবটি স্থানীয় সরকার বিভাগে প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নকারী কর্তৃপক্ষঃ
১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।
২. উপজেলা নির্বাহী অফিসার, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।
৩. উপজেলা প্রকৌশলী, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(নাছিমা মুকাই আলী)
সভাপতি
মাসিক সাধারণ সভা
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।

স্মারক নং : ০০.৪২.০৫৬৬.০০০.০৬.০০১.২২-৫৩/ (৪০)

তারিখঃ ১৭ মাঘ ১৪২৮ বঙ্গাব্দ
৩১ জানুয়ারি ২০২২ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

০১। মাননীয় সংসদ সদস্য, ব্রাহ্মণবাড়িয়া-৩ ও সভাপতি, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৪। জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া।
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।
০৬। ভাইস চেয়ারম্যান/ মহিলা- ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।
০৭। উপজেলা ............................................. অফিসার (সকল), বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।
০৮। চেয়ারম্যান, ............................................ ইউপি (সকল), বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।

31/01/2022

(এ এইচ ইরফান উদ্দিন আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া

পরিশিষ্ট 'ক'

৩১ জানুয়ারী- ২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদ বিজয়নগর এর সাধারণ সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দ:

উপস্থিত উপজেলা পরিষদ চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানবৃন্দ:

| ক্রমিক নং | নাম | পদবি |
|---|---|---|
| ০১ | জনাব নাছিমা মুকাই আলী | চেয়ারম্যান, উপজেলা পরিষদ বিজয়নগর |
| ০২ | মাহমুদুর রহমান মান্না | ভাইস- চেয়ারম্যান, উপজেলা পরিষদ বিজয়নগর |
| ০৩ | সাবিত্রী রাণী | মহিলা ভাইস- চেয়ারম্যান, উপজেলা পরিষদ |

উপস্থিত কর্মকর্তাবৃন্দ:

| ক্রমিক নং | নাম | পদবি |
|---|---|---|
| ১ | জনাব এ এইচ ইরফান উদ্দিন আহমেদ | উপজেলা নির্বাহী অফিসার, বিজয়নগর |
| ২ | জনাব মোঃ সাব্বির আহমেদ | উপজেলা কৃষি অফিসার, বিজয়নগর |
| ৩ | জনাব মোঃ আনিছুর রহমান ভূঞা | উপজেলা প্রকৌশলী, বিজয়নগর |
| ৪ | বেগম আফরোজা বেগম | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, বিজয়নগর |
| ৫ | জনাব শাহনেওয়াজ পারভীন | উপজেলা শিক্ষা অফিসার, বিজয়নগর |
| ৬ | জনাব মোঃ আব্দুল জলিল | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বিজয়নগর |
| ৭ | জনাব মোঃ দেলোয়ার হোসেন | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বিজয়নগর |
| ৮ | জনাব মোঃ গোলাম মহিউদ্দিন | উপজেলা সমবায় কর্মকর্তা, বিজয়নগর |
| ৯ | জনাব রঞ্জিত কুমার বসাক | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, বিজয়নগর |
| ১০ | জনাব মোঃ আজাদুর রহমান | পক্ষে- উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা |
| ১১ | জনাব জনাব রণন প্রতিম ভাওয়াল | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিজয়নগর |
| ১২ | জনাব শাহী নুরজাহান বেগম | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বিজয়নগর |
| ১৩ | ডা. মো: আমিনুল ইসলাম খান | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, বিজয়নগর |
| ১৪ | জনাব রেহেনা সিকদার | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, বিজয়নগর |
| ১৫ | জনাব মোঃ মায়মুনা জাহান | উপজেলা মৎস্য কর্মকর্তা (ভারপ্রাপ্ত) বিজয়নগর |
| ১৬ | জনাব ডা. শাহনেওয়াজ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিজয়নগর |
| ১৭ | জনাব জিসান উদ্দিন | উপ-সহকারী প্রকৌশলী, বিএডিসি (সেচ), বিজয়নগর |
| ১৮ | জনাব নিরুপা ভৌমিক | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বিজয়নগর |
| ১৯ | জনাব মোঃ আমান উল্লাহ | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), বিজয়নগর |
| ২০ | জনাব আব্দুল ছামাদ | উপজেলা ইউআরসি কর্মকর্তা, বিজয়নগর |
| ২১ | জনাব মোঃ শাহজাহান | উপজেলা বন কর্মকর্তা, বিজয়নগর |
| ২২ | জনাব মোঃ জহিরুল ইসলাম | এজিএম পল্লী বিদ্যুৎ সমিতি, বিজয়নগর। |

অনুপস্থিত কর্মকর্তাবৃন্দ:

| ক্রমিক নং | নাম | | পদবি |
|---|---|---|---|
| | | | |
| | | | |